# সাহা ফাউন্ডেশন শিক্ষাবৃত্তি নীতিমালা

সাহারা ট্রপিক্যাল সেন্টার, ২১৮ নিউ এলিফ্যান্ট রোড, রুম নং- ১১০২ (লেভেল -১০) ঢাকা- ১২০৫,
মোবাইল : ০১৭৪৮৪১৮৭৯৯, Email : info@sahafoundationbd.com
www.sahafoundationbd.com

**ভূমিকা ঃ**

সুশিক্ষাই ন্যায়পরায়ণ, যুক্তিনির্ভর এবং মানবিক মূল্যবোধ সম্পন্ন সমাজ বিনির্মাণের মূল হাতিয়ার। এর জন্য প্রয়োজন পদক্ষেপ নেয়া এবং যথাসময়ে এগিয়ে আসা। বিশেষ করে আর্থিকভাবে অস্বচ্ছল শিক্ষার্থীদের মেধা বিকাশে সহযোগিতার হাত বাড়িয়ে দেয়া। এ দায়িত্ব অত্যন্ত পবিত্র এবং অবশ্য পালনীয়। সাহা ফাউন্ডেশন এর অন্যতম মূলনীতির মধ্যে রয়েছে শিক্ষা। সংগঠনের শুরু থেকেই সীমাবদ্ধ সাধ্যের মধ্যে মূল্যবোধ ভিত্তিক শিক্ষার জন্য সাহা ফাউন্ডেশন সর্বদা সচেষ্ট। সেই প্রচেষ্টাকে প্রাতিষ্ঠানিক ভাবে এগিয়ে নিতে সাহা ফাউন্ডেশন সনাতন সম্প্রদায়ের সুবিধা বঞ্চিত মেধাবী এবং আর্থিকভাবে অস্বচ্ছল শিক্ষার্থীদের মাঝে শিক্ষাবৃত্তি প্রদানে উদ্যোগ গ্রহন করেছে। “সাহা ফাউন্ডেশন শিক্ষাবৃত্তি” তারই একটি আন্তরিক প্রয়াস।

**নীতিমালা ঃ**

**১. শিক্ষাবৃত্তির ক্ষেত্র এবং শিক্ষার্থী নির্বাচন ঃ**

ক. সনাতন সম্প্রদায়ভুক্ত মেধাবী এবং আর্থিকভাবে অস্বচ্ছল শিক্ষার্থীগণ বৃত্তির জন্য বিবেচিত হবে।

খ. উচ্চমাধ্যমিক পর্যায়ে এককালীন / বার্ষিক বৃত্তি প্রদান করা হবে। এ ক্ষেত্রে দ্বিতীয় বর্ষে বৃত্তি প্রাপ্তির জন্য শিক্ষার্থীকে প্রথম বর্ষের পরীক্ষার ফলাফল জমা দিতে হবে।

গ. স্নাতক পর্যায়ে মাসিক / সেমিষ্টার ভিত্তিতে বৃত্তি প্রদান করা হবে। পরবর্তী সেমিষ্টারে বৃত্তি অব্যাহত রাখার জন্য শিক্ষার্থীকে পূর্ববর্তী সেমিষ্টারের পরীক্ষার ফলাফল জমা দিতে হবে। স্নাতক পর্যায়ে শুধুমাত্র সরকারি শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত শিক্ষার্থীগন এই বৃত্তির জন্য আবেদনযোগ্য।

ঘ. অন্য কোন প্রতিষ্ঠান / ব্যক্তি হতে বৃত্তি বা অনুদান পেয়ে থাকলে অথবা প্রাপ্তির নিশ্চয়তা থাকলে আবেদন পত্র বিবেচিত হবেনা।

ঙ. সাহা ফাউন্ডেশন এর সামাজিক যোগাযোগ মাধ্যম এবং অন্যান্য সামাজিক যোগাযোগ মাধ্যমে বৃত্তির আবেদন আহ্বান করা হবে। আবেদন পত্রে সরবরাহকৃত ইমেইল এবং সাহা ফাউন্ডেশন এর অফিস ঠিকানায় নির্ধারিত আবেদন পত্র নির্দিষ্ট তারিখের মধ্যে পৌঁছাতে হবে।

চ. শিক্ষার্থীদের নিয়মিত পড়াশুনার পাশাপাশি অন্যান্য কার্যক্রম (খেলাধুলা, গান, নাচ, কবিতা আবৃত্তি, বক্তৃতা ইত্যাদি অতিরিক্ত সহ কার্যক্রম) এ কৃতিত্বপূর্ন অংশগ্রহনের যথাযথ যোগ্যতার সনদপত্র (যদি থাকে) প্রার্থী নির্বাচনে গুরুত্ব দেয়া হবে। উল্লেখ্য এ সংক্রান্ত সকল সনদপত্রের কপি আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

ছ. কার্যনির্বাহী কমিটি কর্তৃক গঠিত “শিক্ষাবৃত্তি কমিটি” বৃত্তির জন্য যোগ্য প্রার্থী নির্বাচন করে কার্যনির্বাহী কমিটির নিকট প্রেরন করবেন। কার্যনির্বাহী কমিটি বৃত্তির জন্য চূড়ান্ত প্রার্থী অনুমোদন প্রদান করবেন।

**২. শিক্ষাবৃত্তি তহবিল গঠন এবং ব্যবস্থাপনা**

২.১ উৎস ঃ

ক. ফাউন্ডেশনের সদস্যদের এককালীন অনুদান।

খ. বিত্তবান / দানশীল স্বনামধন্য ব্যক্তি/প্রতিষ্ঠান/সংগঠন থেকে প্রাপ্ত এককালীন অনুদান।

গ. দেশী/বিদেশী ক্রাউডফান্ডিং থেকে প্রাপ্ত অনুদান।

**২.২ তহবিল ব্যবস্থাপনা ঃ**

ক. বৃত্তি তহবিল পরিচালনার জন্য সাহা ফাউন্ডেশন এর নামে পৃথক ব্যাংক একাউন্ট থাকবে।

খ. সাহা ফাউন্ডেশনের ব্যাংক হিসাবের ন্যায় (ফাউন্ডেশন সভাপতি, সাধারন সম্পাদক এবং কোষাধ্যক্ষ দ্বারা) ব্যাংক হিসাব পরিচালিত হবে।
গ. বৃত্তি তহবিল সঠিক ব্যবস্থাপনার জন্য পৃথক প্রাপ্তি/গ্রহণ রশিদ থাকবে এবং পৃথকভাবে হিসাব প্রস্তুত করা হবে। যথাযথ প্রস্তুতকৃত হিসাব বার্ষিক নিরীক্ষা করে বার্ষিক সাধারন সভায় উপস্থাপন করা হবে।

**৩. বৃত্তি প্রদানের নিয়মাবলী**

**৩.১ সাহা ফাউন্ডেশন সাধারণ বৃত্তি ঃ**
ক. শিক্ষা বৃত্তি খাতে প্রাপ্ত অনুদান  ব্যাংক এ গচ্ছিত রাখার বিপরীতে প্রাপ্ত মুনাফার সর্বোচ্চ ৮০% অর্থ বৃত্তি প্রদান করা হবে। মুনাফার বাকী অর্থ বৃত্তি তহবিলে জমা থাকবে।
খ. নীতিমালা ১ক থেকে ১ছ অনুচ্ছেদ অনুযায়ী শিক্ষার্থীদের বৃত্তি প্রদান করা হবে।
গ. শিক্ষার্থী বাছাইয়ের ক্ষেত্রে ৫০% মেধা, ৪০% অসচ্ছলতা এবং ১০% অন্যান্য যোগ্যতা বিবেচনায় আনা হবে।

**৩.২ "সাহা ফাউন্ডেশন ব্যক্তি বিশেষ" নামে বৃত্তি:**
(ক) ফাউন্ডেশনের কোন সদস্য বা অন্য কোন অর্থ প্রদানকারী ব্যক্তি/ প্রতিষ্ঠান নিজ নামে বা পছন্দ অনুযায়ী (পিতা/মাতা/স্ত্রী/স্বামী/সন্তান/প্রিয়জন) নামে বৃত্তি প্রদানে আগ্রহ ব্যক্ত করলে ফাউন্ডেশন সেই মোতাবেক বৃত্তি প্রদানের ব্যবস্থা গ্রহন করতে পারবে।
(খ) একজনের বৃত্তির জন্য ফাউন্ডেশনের শিক্ষাবৃত্তি তহবিলে এককালীন নূন্যতম তিন লক্ষ টাকা প্রদান করতে হবে; অথবা
(গ) একজন শিক্ষার্থীর সম্পূর্ণ কোর্সের জন্য মাসিক বৃত্তির হার ন্যূনতম ৩,০০০ (তিন হাজার) টাকা অনুযায়ী বাৎসরিক ভিত্তিতে অর্থ প্রদান করতে হবে।
(ঘ) একাধিক বৃত্তির ক্ষেত্রে (খ) বা (গ) বর্ণিত গুনিতক হারে অর্থ প্রদান করতে হবে।
(ঙ) বৃত্তির হার শিক্ষাবৃত্তি কমিটির সুপারিশক্রমে নির্বাহী কমিটি কর্তৃক নির্ধারণ করা হবে।

**৩.৩ বৃত্তি সংক্রান্ত আনুষাঙ্গিক বিষয় ঃ**
ক. বৃত্তি তহবিলে অর্থ প্রদানকারী ব্যক্তি/প্রতিষ্ঠান এর নাম এবং প্রদেয় অর্থের পরিমান যথাযথভাবে প্রতিবছর সাধারণ সভায় অবহিত করা হবে।
খ. বৃত্তিপ্রাপ্ত অর্থ শিক্ষার্থীর নির্দিষ্ট ব্যাংক এ (শিক্ষার্থীদের ব্যাংক হিসাব খোলা আবশ্যক) প্রেরন করা হবে।
গ. অনুষ্ঠানের মাধ্যমে  সনদপত্র (সভাপতি ও সাধারন সম্পাদক স্বাক্ষর সম্বলিত) প্রদান করা হবে।

**৪. শিক্ষাবৃত্তি  কমিটি ও কর্মপরিধি**

ক. শিক্ষাবৃত্তি  কমিটি  ৫(পাঁচ) সদস্য বিশিষ্ট হবে।
খ. আহবায়ক, যুগ্ন আহবায়ক (১জন), সদস্য সচিব (পদাধিকার বলে নির্বাহী কমিটির শিক্ষা বিষয়ক সম্পাদক, অবর্তমানে নির্বাহী কমিটির সাধারণ সম্পাদক) এবং ২ জন সদস্য সমন্বয়ে কমিটি গঠিত হবে।
গ. কার্যনির্বাহী কমিটি শিক্ষার সাথে সম্পর্কিত ব্যক্তিকে প্রাধান্য দিয়ে শিক্ষাবৃত্তি  কমিটি গঠন করবেন।
ঘ. কমিটির মেয়াদ নির্বাহী কমিটির মেয়াদের সমান হবে। পরবর্তী "শিক্ষাবৃত্তি" কমিটি গঠিত না হওয়া পর্যন্ত পূর্ববর্তী কমিটি কার্যক্রম পরিচালনা করবেন।

ঙ. কমিটি প্রতিবছর অন্ততঃ ৪(চার) টি সভায় মিলিত হবেন। সদস্যসচিব কমিটির আহবায়কের পরামর্শক্রমে অন্যূন ৭ (সাত) দিনের নোটিশে সভা আহবান করবেন এবং জরুরী প্রয়াজনে ৪৮ ঘন্টার নোটিশে জরুরী সভা আহবান করতে পারবেন।

চ. সদস্য সচিবের পরিচালনায় আহবায়ক সভার সভাপতিত্ব করবেন এবং আহবায়কের অনুপস্থিতে যুগ্ম আহবায়ক অথবা সদস্যদের যে কোন একজন সভায় সভাপতিত্ব করবেন।

ছ. ন্যূনতম ৩(তিন) জন হলে সভার কোরাম হবে বলে বিবেচিত হবে। সভায় সংখ্যাগরিষ্ঠের মতামতের ভিত্তিতে সকল সিদ্ধান্ত গৃহীত হবে। তবে পক্ষে -বিপক্ষে সমান সমান সংখ্যক সদস্য মতামত প্রদানের ক্ষেত্রে নির্বাহী কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদকের সহযোগিতায় চূড়ান্ত সিদ্ধান্ত নেয়া যাবে।

জ. কমিটি বৃত্তি তহবিলে অর্থ সংগ্রহের উদ্যোগ, অর্থ সংগ্রহে নির্বাহী কমিটিকে পরামর্শ, বৃত্তি প্রদানে প্রয়োজনীয় খসড়া নীতিমালার সুপারিশ এবং প্রয়োজনে কোন নীতিমালা পরিবর্তন/ সংশোধনে কার্যনির্বাহী কমিটিকে সুপারিশ করতে পারবে।

ঝ. প্রয়োজনে শিক্ষাবৃত্তি কমিটির সুপারিশক্রমে অথবা কার্যনির্বাহী কমিটির স্বীয় বিবেচনায় বৃত্তি প্রদান নীতিমালা সংশোধন করা যাবে।

ঞ. সকল ক্ষেত্রেই নির্বাহী কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

**৫. প্রাধান্যতা**

নীতিমালায় উল্লেখিত যেকোন অনুচ্ছেদ সাহা ফাউন্ডেশনের গঠনতন্ত্রের সাথে সাংঘর্ষিক হলে সাহা ফাউন্ডেশনের গঠনতন্ত্রে বর্ণিত ধারা/বিধি প্রাধান্য পাবে।